

## 💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১৪৫

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ আল্লাহর প্রশংসামূলক কতক বাক্যের ফযিলত

## আরবী

145 عَنْ أَبِي هُرَيْرَةَ ( عَنْ رَسُولُ اللَّه صلى الله عليه وسلم : أَنَّهُ عَادَ مَرِيضًا \_وَمَعَهُ أَبُو هُرَيْرَةَ \_ مِنْ وَعْكِ كَانَ بِهِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم : «أَبْشِرْ إِنَّ اللَّهَ عَلْى وَعْكِ كَانَ بِهِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم : «أَبْشِرْ إِنَّ اللَّهَ يَقُولُ: نَارِي أُسَلِّطُهَا عَلَى عَبْدِي الْمُؤْمِنِ فِي الدُّنيا لِتَكُونَ حَظَّهُ مِنْ النَّارِ فِي الْآخِرَةِ». ( حَم, جه, ت ) حسن

## বাংলা

১৪৫. আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামসম্পর্কে বলেন: তিনি এক রোগীকে দেখতে যান, যে জ্বরের কারণে অসুস্থ ছিল, -আবৃ হুরায়রা ছিলেন তার সাথে- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামতাকে বলেন: "সুসংবাদ গ্রহণ কর, আল্লাহ বলেন: আমার আগুন[1] দুনিয়াতে আমি আমার মুমিন বান্দার ওপর প্রবল করি, যেন তা আখেরাতের আগুনের বিনিময় হয়ে যায়"। [আহমদ, ইবনু মাজাহ ও তিরমিযি] হাদিসটি হাসান।

## ফুটনোট

[1] অর্থাৎ জ্বরটি হচ্ছে একটি আগুন, যার মাধ্যমে মুমিন বান্দার আখেরাতের গোনাহের বিনিময় হয়ে যায়। [সম্পাদক]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন